

বলিকবাত্রা শনিবার, জুলাই ১২, ২০২৫ ■ আষাঢ় ২৮, ১৪৩২



✓ এনএসইউতে ইরান-ইসরায়েল যুদ্ধের প্রভাব নিয়ে ওয়েবিনার



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) সম্প্রতি 'ইরান-ইসরায়েল যুদ্ধ : দক্ষিণ এশিয়া ও পার্শ্ববর্তী অঞ্চলের ওপর প্রভাব' শীর্ষক একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্সের (এসআইপিজি) আয়োজনে এ সভায় বক্তব্য দেন তেহরান বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. জেইনাব ঘাসেমি তরি, চীনের সিংছুয়া বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ গবেষক কিয়ান ফেং, পাকিস্তানের পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আমজাদ আব্বাস খান, এনএসইউর পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোসিওলজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নুরুজ্জামান এবং ভারতের জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মহেন্দ্র লামা।